গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
কাবিখা-১ শাখা
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০০.০১১.১৪.০০১৪.২৬.৮৪৩

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

প্রেরক: উপপরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক: চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৬, আ. গণি রোড, ঢাকা।

বিষয়: **চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় মাননীয় সংসদ সদস্যের অনুকুলে অর্থ ও খাদ্যশস্য (চাল ও গম) বরাদ্দ প্রদান।**

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.০০০.৪২২.১৪.০০০১.২৬ (অংশ-৬). ১১৭৪, তারিখ: ২৯ অক্টোবর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে চলতি ২০২৬-২০২৭ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় মাননীয় সংসদ সদস্যের নির্বাচনী এলাকার অনুকুলে নিম্নোক্ত ছকে ও নিম্নবর্ণিত শর্তে জেলা প্রশাসক, গাইবান্ধা বরাবরে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড কাবিটা ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ (টাকা), চাল ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১, গম ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ এবং টিআর (টাকা) ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারকে সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে বরাদ্দকৃত অর্থের অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জেলা	নির্বাচনী আসন	বরাদ্দের পরিমাণ (টাকা/খাদ্যশস্য)			
		কাবিটা (টাকা)	চাল (মে.টন)	গম (মে.টন)	টিআর (টাকা)
গাইবান্ধা	২৯ গাইবান্ধা-১	৪৫০০০০০ (পঁয়তাল্লিশ লক্ষ)	৪৫ (পঁয়তাল্লিশ)	৪৫ (পঁয়তাল্লিশ)	৩৫০০০০০ (পঁয়ত্রিশ লক্ষ)

শর্তসমূহ :

১) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ ও অনুমোদন **আগামী ৩১/০১/২০২৭ খ্রি.** তারিখের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে

২) বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য বিভাজনের ক্ষেত্রে বরাদ্দ নীতিমালা অনুযায়ী জনসংখ্যা, এলাকা ও দরিদ্রতা বিবেচনা করতে হবে;

৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধনীসহ) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ (সংশোধনীসহ) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মস্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

৫) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে;

৬) বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/সমপরিমাণ টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

৭) গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে;

৮) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছ/বিন্না ঘাস রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;

(মোঃ মিজানুর রহমান)
উপপরিচালক (কাবিখা-১)
(অ: দা:)
ফোন : ৫৮৮১৫৫৬০

স্মারক নং-৫১.০১.০০০০.০০০.০১১.১৪.০০১৪.২৬.৮৪৩

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯ গাইবান্ধা-১
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আ.গণি রোড, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ
৭। জেলা প্রশাসক, গাইবান্ধা
৮। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো]
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সিনিয়র সহকারী সচিব (ত্রাক-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ...জেলা-.....
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা (উল্লিখিত অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপ-বরাদ্দের কপি dsbudget@modmr.gov.bd-এ ই-মেইল প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বরাদ্দ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা
১৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা
১৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..., জেলা-.....
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক....., জেলা.....
২০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....জেলা-.....
২১। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

(মোঃ মিজানুর রহমান)
উপপরিচালক (কাবিখা-১)
(অ: দা:)
ফোন : ৫৮৮১৫৫৬০